

## শিক্ষাঙ্গন সংবাদ



### ড্যাফোডিলে শিক্ষার্থীর মাঝে ল্যাপটপ বিতরণ

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির 'একজন ছাত্র একটি ল্যাপটপ' প্রকল্পের নিয়মিত কর্মসূচির অংশ হিসেবে ১৯তম পর্বে শনিবার বিশ্ববিদ্যালয়ের ৭১ মিলনায়তনে শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে ১৫০০টি ডিসিএল ব্র্যান্ডের ল্যাপটপ বিতরণ করা হয়।

বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টিবোর্ডের চেয়ারম্যান ড. মোঃ সবুর খানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে ল্যাপটপ বিতরণ করেন ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস, এমপি। বক্তব্য রাখেন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. ইউসুফ এম ইসলাম, উপ-উপাচার্য প্রফেসর ড. এস এম মাহাবুবুল হক মজুমদার। ল্যাপটপ প্রদানের পূর্বে বিশ্ববিদ্যালয়ের কোর্স কোর্স হুমিদুল হক খান একাডেমিক ও শিক্ষা কার্যক্রমে ল্যাপটপের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার প্রত্যয়ে শিক্ষার্থীদের শপথবাক্য পাঠ করান। ড্যাফোডিল কম্পিউটার্স লিমিটেডের সহায়তায় ড্যাফোডিল বিশ্ববিদ্যালয়ে ২০১০ সালের সামার সেমিস্টার থেকে এ পর্যন্ত ২৩৫০০ ল্যাপটপ বিতরণ করা হয়। বিজ্ঞপ্তি